

ସୋସାଂସ୍କୃତ ସୀୟସ୍ତୂର୍ଣ କ୍ରିଶୋସ ଓପନ୍ୟାସ



ଅନୁବାଦ : କୁଲଦାସଞ୍ଜନ ସାୟ

୧୯୯୩ ସାଲେ ପ୍ରକାଶିତ 'ଦ୍ୟ ମେରି ଅପାଡଭେପ୍ପରସ୍ ଅବ୍
ରବିନ୍ ଛଡ଼ ଅବ୍ ଗ୍ରେଟ ରେନାଉନ ଇନ୍ ନଟିଂହାମଶାୟାର' ବହି
ଥେକେ ହାଓୟାର୍ଡ ପାହିଲ-ଏର ମୂଲ ଅଲଂକରଣସହ




ମନ୍ତାଜ



কুলদারঞ্জন রায় অনুদিত

ববিন্ হুড্

স চিত্র সংস্করণ



প্রথম সংস্করণের প্রচ্ছদপট



প্রথম পরিচ্ছেদ

দ্বিতীয় হেনরি যখন ইংলণ্ডের রাজা, তখন ইংলণ্ডের উত্তরে কেবল রাজাদিগের শিকারের জন্য কতকগুলি বন ছিল। অপর কেহ বিনা হুকুমে এই বনে শিকার করিলে তাহার প্রাণদণ্ড হইত। বনের রক্ষকদিগের যিনি সর্দার থাকিতেন, তাঁহার ক্ষমতা কম ছিল না। তিনি জেলার প্রধান রাজকর্মচারী শেরিফ এবং প্রধান পাদরি বিশপের সহিত ক্ষমতায় সমান ছিলেন।

নটিংহাম সহরের নিকটে সারউড বন এবং বার্নস্‌ডেল সহরের নিকটে বার্নস্‌ডেল বন, এই দুইটি বনই সকলের চেয়ে বড়। হিউ ফিট্‌জ্‌থু নামক এক ব্যক্তি স্ত্রী ও একমাত্র বালক পুত্র রবার্টকে লইয়া সেখানে বাস করিতেন। তখন তিনিই এই বনের কর্তা ছিলেন।

১১৬০ খ্রীষ্টাব্দে লক্সলি সহরে রবার্ট জন্মগ্রহণ করে। লক্সলি সহরে জন্ম হওয়ায়, অনেক সময় লোকে তাহাকে লক্সলি বলিয়াও ডাকিত। রবের শরীরে যথেষ্ট বল ছিল, এবং সে দেখিতেও বেশ সুশ্রী ছিল। রব বাল্যকাল হইতেই পিতার সঙ্গে বনে বনে ঘুরিয়া বেড়াইতে ভালবাসিত। ক্রমে একটু বড় হইলে পর, সে তীর ধনু প্রস্তুত করিয়া, বনের রক্ষকদিগের ন্যায় তীর চালাইতে আরম্ভ করিল, এবং অতি অল্পদিনের মধ্যে বেশ নিপুণ তীরন্দাজ হইয়া উঠিল।

রব্ শীতকালে পিতার নিকটে বসিয়া প্রসিদ্ধ দস্যুদিগের গল্প শুনিতে বড় ভালবাসিত, আবার বর্ষাকালে সে ঘরে বসিয়া তাহার ধনুকের জন্য সুন্দর তীর প্রস্তুত করিয়া তাহাতে পালক বাঁধিত।

রবের জননী প্রকৃতি বড়ই কোমল ছিল। তিনি ভাবিতেন, রব্ বড় হইয়া রাজার দরবারে চাকুরি করিবে কিংবা পাদরি হইবে। তাই শিশুকাল হইতেই তাহার তীর ধনুর প্রতি এতটা আকর্ষণ দেখিয়া তাঁহার মনে কষ্ট হইত। তিনি রব্কে ভদ্রঘরের ছেলের উপযুক্ত সমস্ত শিক্ষাই দিয়াছিলেন, কিন্তু রবের নিকটে তীর-ধনুকেরই বেশী আদর ছিল।

নটিংহাম সহরের খুব নিকটেই গ্যাম্‌ওয়েল্ লজে রবের খুড়া থাকিতেন। গ্যাম্‌ওয়েল্ লজের নিকটেই আর্ল অব্ হান্টিংডনের প্রাসাদ। রবের খুড়তত ভাই উইল্ এবং আর্ল অব্ হান্টিংডনের একমাত্র কন্যা ম্যারিয়ান্, এই দুইজন রবের খেলার সাথী ছিল। কিন্তু এই আর্লের সঙ্গে রবের পিতার বনিবনাও ছিল না। শুনিতে পাওয়া যায়, ম্যারিয়ানের পিতা না কি রাজার সাহায্যে রবের পিতাকে তাড়াইয়া, আর্ল অব্ হান্টিংডন হইয়াছিলেন। ম্যারিয়ান্ কিংবা রব্ এই শত্রুতা গ্রাহ্য করিত না; সর্বদা এক সঙ্গে খেলা না করিলে তাহাদের চলিত না।

নটিংহামের শেরিফ্ এবং হারফোর্ডের বিশপ্ এই দুইজনও রবের পিতার শত্রু ছিলেন। আর্ল, শেরিফ্ ও বিশপ্ তিনজনে পরামর্শ করিয়া, রবের পিতার নামে রাজার কানে অনেক কথা লাগাইলেন, এবং তাহার ফলে রবের পিতার কাজটি গেল।

তখন শীতকাল, রবের বয়স সবেমাত্র উনিশ বৎসর। হঠাৎ একদিন সন্ধ্যার পর, একজন নূতন লোক সর্দার হইয়া আসিয়া তাহাদিগকে বাড়ী হইতে তাড়াইয়া দিল। সঙ্গে সঙ্গে শেরিফ্ মহাশয়ও রবের পিতাকে মিছামিছি গ্রেপ্তার করিয়া, নটিংহামের জেলখানায় আটক করিলেন। রব্ ও তাহার মাতা সে রাত্রি জেলখানাতেই থাকিবার হুকুম পাইলেন বটে, কিন্তু পরদিন প্রাতঃকালে অতি অভদ্রভাবে তাহাকে ও তাহার মাতাকে সেখান হইতে তাড়াইয়া দেওয়া হইল। তখন তাঁহারা রবের খুড়া স্কোয়ার জর্জের বাড়ীতে গিয়া আশ্রয় লইলেন।

রবের মাতার শরীর পূর্ব হইতেই অসুস্থ থাকায় এই শীতের রাত্রির কষ্ট তাঁহার সহ্য হইল না। দুই মাস কাল না যাইতেই তাঁহার মৃত্যু হইল। রবের দুঃখের সীমা রহিল না। শীতের পর বসন্ত আসিতে না আসিতেই তাহার পিতাও নটিংহামের জেলখানায় মারা গেলেন।

এই দুর্ঘটনার পর দুই বৎসর কাটিয়া গেল। রবের খুড়তত ভাই উইল্কে





দ্বিতীয় পরিচ্ছেদ

দেখিতে দেখিতে রবিন্ হুডের দল প্রসিদ্ধ হইয়া উঠিল। শেরিফ শত চেষ্টা করিয়াও দস্যুদলের কাহাকেও ধরিতে পারিলেন না। সাধারণ লোকেরা এই দস্যুদলের নামে ভয়ে জড়সড় হইত। কিন্তু ক্রমে যখন সকলে দেখিল যে, অত্যাচারী বড়লোকদের ধনসম্পত্তি কাড়িয়া লইয়া দস্যুরা গরীব দুঃখীদের মধ্যে বিলাইয়া দেয়, তখন এই দলের প্রতি ক্রমেই লোকের শ্রদ্ধা বাড়িতে লাগিল। সঙ্গে সঙ্গে দিন দিন নূতন লোক আসিয়া ইহাদের দলে মিশিতে লাগিল, এবং দলটি বেশ জঁকাল হইয়া উঠিল।

এইরূপে কিছুদিন গেল; বনের ভিতর চূপ করিয়া বসিয়া থাকাকাটা রবের ভাল লাগিল না। একদিন তাঁর-ধনু লইয়া তিনি প্রস্তুত হইলেন এবং দলের লোকদের বলিলেন—“আমি চল্লাম, একবার সহরের খবরটা নিয়ে আসি। তোমরা বনের পাশেই থেকো এবং আমার শিঙ্গা গুল্লে হাজির হ'য়ো।”

সদর রাস্তায় খানিক দূর গিয়া, রবিন্ হুডের হঠাৎ মনে পড়িল, বনের মধ্য দিয়া একটা সোজা রাস্তা আছে, সেটি বেশ নির্জন এবং সেখান দিয়া গেলে, একটা ঝরণা পার হইলেই সহর খুব নিকটে। তখন তিনি সদর রাস্তা ছাড়িয়া বনের পথে চলিলেন। ঝরণার নিকটে আসিয়া দেখিলেন, পার হওয়া মুস্কিল, জল বেশী হইয়াছে, তার উপর আবার স্রোত খুব। একটি কাঠের সরু পোল ছিল, তাহার